গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

**১২ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২৩ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খঃ মাহবুবুল হক<br>মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ<br>মৎস্য ভবন, রমনা, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ১২ অক্টোবর ২০২২ খিস্টাব্দ; দুপুর ০২:০০ ঘটিকা। |
| স্থান | : | মৎস্য অধিদপ্তরের সভা কক্ষ (২য় তলা)। |

উপস্থিতির তালিকা: **পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাকাজ শুরু করেন। আলোচ্য বিষয়ে সভাপতি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত হতে হবে বিধায় প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি করে নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে। প্রতি কোয়ার্টারে ০১ টি করে সভা আয়োজন করা হলে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ১.১ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত মান শতভাগ হবে। কর্মপরিকল্পনার ১.২ নং ক্রমিকে অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের সুবিধার্থে প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই সভা আয়োজন করতে হবে। সে আলোকে মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২৩ সালের ২য় ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। সভাপতি সভার বিষয়বস্তু ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য মৎস্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ও জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোহাঃ আতিয়ার রহমান-কে আহবান জানান।

**২.০ আলোচনা**

**২.১** সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর সূচকসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ প্রতি কোয়ার্টারের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২৩ সালের ১ম ত্রৈমাসিক সভায় ১. সরকারের নির্দেশনা মোতাবেক মৎস্য অধিদপ্তরের বিদ্যুৎ ও জ্বলানি খাতে খরচ কমানোর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ; ২. আগস্ট/২০২২ ও সেপ্টেম্বর/২০২২ মাসে যথাক্রমে নরসিংদী ও খুলনা জেলায় সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক গণশুনানীর আয়োজন; এবং ৩. মৎস্য অধিদপ্তরাধীন রাজস্ব ও উন্নয়ন খাতে পোনা মাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাগণের সমন্বয়ে দ্রুত কমিটি গঠন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সিদ্ধান্তসমূহ গৃহীত হয় যা ইতোমধ্যে শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। মৎস্য অধিদপ্তর এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০২২-২৩ অর্থবছরের ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর ২০২২ খ্রি.) প্রতিবেদন সভায় অনুমোদন করা হয়।

**২.২** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ৩.৩ নং ক্রমিকে অন্তর্ভুক্ত ১০টি জেলার জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক ১টি করে গণশুনানীর আয়োজন কার্যক্রমটি সংশ্লিষ্ট জেলায় পর্যায়ক্রমে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়। কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম ত্রৈমাসিকে নরসিংদী ও খুলনা জেলায় ১ টি করে গণশুনানী করা হয়েছে। কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিকেও ৩টি গণশুনানী আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে মোতাবেক অক্টোবর-ডিসেম্বর/২০২২ মাসে রাজশাহী, চট্টগ্রাম ও হবিগঞ্জ জেলায় সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক গণশুনানীর আয়োজন করার এবং গণশুনানীতে মৎস্য অধিপ্তরের প্রতিনিধি উপস্থিত থাকার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সভাপতি বলেন সংশ্লিষ্ট জেলায় গণশুনানী আয়োজনের তারিখ, সময় ও স্থান নির্ধারণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য জেলা মৎস্য কর্মকর্তাকে পত্র দেয়া যেতে পারে।

২.৩ সভাপতি বলেন, বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে সরকারি অফিসের জন্য নির্ধারিত নতুন সময়সূচি অনুযায়ী মৎস্য অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারিকে নিজ নিজ কর্মস্থলে সকাল ৮টা থেকে বিকাল ৩টা পর্যন্ত উপস্থিত থাকতে হবে। তিনি আরো বলেন বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থা বিবেচনায় সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধনের লক্ষ্যে মৎস্য অধিদপ্তরের সকল সভা অনলাইনে করা যেতে পারে। প্রয়োজন বিশেষে সরাসরি উপস্থিতির মাধ্যমে সভা আয়োজন করা হলে সেক্ষেত্রে আপ্যায়ন ব্যয় সংকোচন করা যেতে পারে।

২.৪ শুদ্ধাচার বিষয়ক ফোকাল পার্সন বলেন ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ই-নথি অগ্রণী ভূমিকা রাখছে। রূপকল্প ২০৪১ বা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মন্ত্রিপরিষদ বিভাগ 'এ টু আই' প্রোগ্রামের সহযোগিতায় সরকারের সকল দফতরে ই-নথি কার্যক্রম বাস্তবায়ন করছে। ই-নথি কার্যক্রম বাস্তবায়নে মৎস্য অধিদপ্তর ভালো আবস্থানে রয়েছে। এপিএ'তে অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক মৎস্য অধিদপ্তরে মোট নিষ্পত্তিকৃত নথির ৮৫ শতাংশ ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে তা নাহলে এপিএতে নম্বর কমে যাবে। তিনি আরো বলেন, করোনা মহামারি ও পরবর্তীতে ইউক্রেন-রাশিয়া যুদ্ধের জন্য বিশ্বব্যাপী খাদ্য উৎপাদন এবং খাদ্যপ্রাপ্তিতে সমস্যা দেখা দিয়েছে। এ সমস্যা থেকে উত্তরণের লক্ষ্যে খাদ্য অপচয় কমিয়ে বাড়তি খাদ্য সংরক্ষণের জন্য বাড়ানোর জন্য মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে সভাপতি বলেন প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে সকলকে ব্যক্তিক্ষেত্রে খাদ্য গ্রহণের পরিমাণ নিয়ন্ত্রণ করতে হবে।

**৩.০ সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৩.১ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ৩.৩ নং ক্রমিকে অন্তর্ভুক্ত কার্যক্রম বাস্তবায়ন করার নিমিত্ত অক্টোবর-ডিসেম্বর/২০২২ মাসে রাজশাহী, চট্টগ্রাম ও হবিগঞ্জ জেলায় সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক গণশুনানীর আয়োজন করতে হবে। এ বিষয়ে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;

৩.২ মৎস্য অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারিকে নির্ধারিত নতুন সময়সূচি অনুযায়ী নিজ নিজ কর্মস্থলে সকাল ৮টা থেকে বিকাল ৩টা পর্যন্ত উপস্থিত থাকতে হবে। আওতাধীন সকল দপ্তর/শাখা প্রধান কর্তৃক নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা/ কর্মচারিগণের অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে উপপরিচালক (প্রশাসন) প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;

৩.৩ মৎস্য অধিদপ্তর কর্তৃক আয়োজিত সকল সভা অনলাইনে করতে হবে। প্রয়োজন বিশেষে সরাসরি উপস্থিতির মাধ্যমে সভা আয়োজন করা হলে সেক্ষেত্রে আপ্যায়ন ব্যয় সংকোচন করা যেতে পারে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য উপপরিচালক (প্রশাসন) প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন; এবং

৩.৪ এপিএ'তে অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক মৎস্য অধিদপ্তরে মোট নিষ্পত্তিকৃত নথির ৮৫ শতাংশ ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করতে হবে। এ লক্ষ্যে অবশ্যিক/ বাধ্যবাধকতা ছাড়া সকল ডকুমেন্ট ই নথিতে উপস্থাপন করতে হবে। এ বিষয়ে আওতাধীন সকল দপ্তর/শাখাকে নির্দেশনা প্রদানের জন্য শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১০/২০২২

(খঃ মাহবুবুল হক)
মহাপরিচালক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি
ফোনঃ ০২-২২৩৩৮২৮৬১
ইমেইল: dg@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১০৬.০৬.০০৩.২১- ২৯৪ তারিখঃ ১৮-১০-২০২২ খ্রি.

সদয় অবগতির ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/ মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

২. উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা/প্রশাসন/মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

৩. সহকারী পরিচালক (প্রশিক্ষণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

৪. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫. জনাব.......................................................................।

১৮/১০/২০২২

(মোহাঃ আতিয়ার রহমান)
অতিরিক্ত মহাপরিচালক
ও
সদস্য সচিব
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
ফোন: ০২৪৭-১১০৪১০